

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ০৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/১৮ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৯৬-আইন/২০১৭/২০-মুসক।—উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫ (২০১৫ সনের ২০ নং আইন) এর ধারা ৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ৩ এর দফা (ক) দ্বারা আরোপিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ আদায়ের লক্ষ্যে নিয়ন্ত্রণ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—(১) এই বিধিমালা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ (আদায় ও পরিশোধ) বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা ০১ জুলাই, ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

২। **সারচার্জ পরিশোধ, ইত্যাদি।**—(১) বাংলাদেশ আমদানিকৃত ও স্থানীয়ভাবে উৎপাদিত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর উপর উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫ এর প্রথম তফসিলে উল্লিখিত হারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ পরিশোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত তথ্য যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ সেলুলার মোবাইল টেলিফোন সেট এর আমদানিকারক বা উৎপাদনকারী প্রতিষ্ঠান ট্রেজারী চালান বা ইলেক্ট্রনিক ট্রান্সফারের মাধ্যমে অর্থ বিভাগ কর্তৃক সুনির্দিষ্টকৃত অর্থনৈতিক কোডে জমা প্রদান করিবে।

৩। **প্রতিবেদন দাখিল।**—প্রত্যেক সেলুলার মোবাইল টেলিফোন সেট এর আমদানিকারক বা উৎপাদনকারী প্রতিষ্ঠানকে এই বিধিমালার সহিত সংযোজিত ফরমে সরকার বা জাতীয় রাজস্ব কোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা কর্তৃপক্ষের নিকট বিধি ২ এর অধীন পরিশোধিত সারচার্জের বিবরণী পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে মাসিক রাজস্ব বিবরণীর সহিত পৃথকভাবে দাখিল করিতে হইবে।

(৬৮০৭)  
মূল্য : টাকা ৪.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

ফরম

[ বিধি-৩ দ্রষ্টব্য ]

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ এর মাসিক বিবরণী**

মেয়াদ	মাস	বৎসর
:		

প্রতিষ্ঠানের নাম :

ঠিকানাসহ আনুষঙ্গিক তথ্যাবলী:

মুসক সন্তুষ্টকরণ সংখ্যা:

অর্থনৈতিক কোড :

<p>(ক) আমদানিকৃত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর ক্ষেত্রে যে মূল্যের ভিত্তিতে আমদানিস্তরে আমদানি শুল্ক নিরূপণ করা হয়, সেই মূল্য</p> <p>(খ) স্থানীয়ভাবে উৎপাদিত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর সরবরাহের ক্ষেত্রে যে মূল্যের উপর মূল্য সংযোজন কর নিরূপণ করা হয়, সেই মূল্য (অঙ্ক ও কথায়)</p>	<p>জমাকৃত সারচার্জের পরিমাণ (অঙ্ক ও কথায়)</p>

সংযুক্তি:

- (১) জমাকৃত ট্রেজারী চালানের অনুলিপি; অথবা
- (২) ইলেক্ট্রনিক পদ্ধতিতে সারচার্জ প্রদানের ক্ষেত্রে গ্রহণযোগ্য প্রমাণপত্র।

তারিখ:

(-----)

সেলুলার মোবাইল টেলিফোন সেট  
আমদানিকারক/উৎপাদনকারী প্রতিষ্ঠান।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
( মোঃ নজিবুর রহমান )  
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd